# WBPSC Clerkship Examination 2019 (Preliminary) (Shift 1)

**Q1.** দলাই লামার বাসস্থান কোথায়?
(a) মুসৌরি
(b) রুমটেক মঠ
(c) তাওয়াং
(d) ম্যাকলিওডগঞ্জ, ধর্মশালা

**Q2.** লোকসভায় আসন সংখ্যা কত?
(a) 540
(b) 543
(c) 545
(d) 550

**Q3.** নিম্নোক্ত ব্যক্তিদের মধ্যে কে একজন প্রসিদ্ধ ভাস্কর নন?
(a) যোগেন চৌধুরী
(b) নন্দলাল বসু
(c) রামকিঙ্কর বেইজ
(d) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

**Q4.** রাষ্ট্রপতি হওয়ার আগে প্রণব মুখোপাধ্যায় নিম্নলিখিত মন্ত্রকগুলির মধ্যে কোনটির দায়িত্বে কখনো ছিলেন না?
(a) প্রতিরক্ষা মন্ত্রক
(b) অর্থমন্ত্রক
(c) রেলমন্ত্রক
(d) বিদেশমন্ত্রক

**Q5.** গ্রেটা থুনবার্গ হলেন
(a) একজন অভিনেত্রী
(b) একজন টেনিস খেলোয়াড়
(c) একজন পরিবেশ ও জলবায়ুকর্মী
(d) একজন মানবাধিকার কর্মী

**Q6.** নিম্নোক্ত ব্যক্তিদের মধ্যে কাকে 2019 সালে সাহিত্যে নোবেল পুরস্কার দেওয়া হয়?
(a) পিটার হ্যান্ডকে
(b) বব ডিলন
(c) অল্গা টোকারচুক
(d) সালমান রুশদি

**Q7.** 2019 সালে ইস্টার রবিবারে আত্মঘাতী বোমার বিস্ফোরণ হয়
(a) ক্রাইস্টচার্চ শহরে
(b) কলম্বোতে
(c) ব্র্যাডফোর্ডে
(d) জেরুজালেম শহরে

**Q8.** পশ্চিমবঙ্গে কতগুলি জেলা আছে?
(a) 21
(b) 19
(c) 24
(d) 22

**Q9.** রাফাল চুক্তির মাধ্যমে ভারত সরকার যা কিনবে তা হল
(a) হেলিকপ্টার
(b) যুদ্ধবিমান
(c) ডুবোজাহাজ
(d) দূরপাল্লার ক্ষেপণাস্ত্র

**Q10.** পরিবেশ সংরক্ষণের জন্য কোন ধরনের ব্যাগের ব্যবহার নিষিদ্ধ করার কথা ভাবা হচ্ছে?
(a) পাটের তৈরি ব্যাগ
(b) প্লাস্টিক ব্যাগ
(c) কাগজের ব্যাগ
(d) কাপড়ের ব্যাগ

**Q11.** নিম্নোক্ত ব্যক্তিদের মধ্যে কে মুষ্টিযোদ্ধা?
(a) দিব্যেন্দু বড়ুয়া
(b) চাঁদ রাম
(c) মঞ্জু রানি
(d) দীপা কর্মকার

**Q12.** মহাত্মা গান্ধী তার অহিংস অসহযোগ আন্দোলন প্রথম শুরু করেন
(a) যুক্তরাজ্যে
(b) দক্ষিণ আফ্রিকায়
(c) ভারতবর্ষে
(d) জিম্বাবোয়েতে

**Q13.** 2016 সালে অলিম্পিক গেমস যে শহরে অনুষ্ঠিত হয় সেটি হল
(a) লন্ডন
(b) রিও ডি জেনিরো
(c) মস্কো
(d) মেক্সিকো সিটি

**Q14.** সংবিধানের 370 ধারার অবলুপ্তির জন্য নিম্নলিখিত কোন রাজ্যে সাংবিধানিক বিশেষ মর্যাদা ক্ষুন্ন হয়েছে?
(a) মনিপুর
(b) জম্মু এবং কাশ্মীর
(c) নাগাল্যান্ড
(d) সিকিম

**Q15.** 'হাউডি মোদী' অনুষ্ঠানটি যে শহরে হয়েছিল সেটি হল
(a) লস অ্যাঞ্জেলেস
(b) নিউইয়র্ক
(c) হিউস্টন
(d) ওয়াশিংটন

**Q16.** নিম্নলিখিত দেশগুলির মধ্যে কোনটি স্বাধীন রাষ্ট্র নয়?
(a) অস্ট্রেলিয়া
(b) স্কটল্যান্ড
(c) বেলজিয়াম
(d) স্পেন

**Q17.** আন্তর্জাতিক অর্থভাণ্ডারের বর্তমান সভাপতির নাম
(a) ক্রিস্টিন লাগার্দ
(b) ক্রিস্টালিনা জর্জিয়েভা
(c) জা ক্লড জানকর
(d) ডোনাল্ড টাস্ক

**Q18.** লিওনেল মেসি কোন দেশের নাগরিক?
(a) ব্রাজিল
(b) আর্জেন্টিনা
(c) বলিভিয়া
(d) পর্তুগাল

**Q19.** ফিজি রাষ্ট্রের অবস্থান
(a) এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে
(b) উত্তর আটলান্টিক অঞ্চলে
(c) উত্তর আফ্রিকায়
(d) দক্ষিণ আমেরিকায়

**Q20.** যে দেশ থেকে S-400 ক্ষেপণাস্ত্র কেনা হচ্ছে সেটি হল
(a) সুইডেন
(b) ব্রিটেন
(c) রাশিয়া
(d) আমেরিকা

**Q21.** 2019 সালে বিশ্ব ব্যাডমিন্টন প্রতিযোগিতায় মহিলাদের একক সেরা সম্মান লাভ করেন
(a) সানিয়া মির্জা
(b) সাইনা নেহওয়াল
(c) পিভি সিন্ধু
(d) নজমি অকুহারা

**Q22.** ফরাসি দেশের বর্তমান রাষ্ট্রপতির নাম কি?
(a) নিকোলাস সারকোজি
(b) জা মনেট
(c) ইমানুয়েল ম্যাকরো
(d) ফ্রা হল্যান্ড

**Q23.** প্রথম এশিয়ান গেমস ক্রীড়া প্রতিযোগিতা যে শহরে হয়েছিল সেটি হল
(a) জাকার্তা
(b) নয়াদিল্লি
(c) কলম্বো
(d) ব্যাংকক

**Q24.** নিম্নলিখিত কোন জায়গায় ক্ষুদিরাম বসুকে ফাঁসি দেওয়া হয়?
(a) মেদিনীপুর
(b) দমদম সেন্ট্রাল জেল
(c) মুজাফফরপুর
(d) প্রেসিডেন্সি জেল, কলকাতা

**Q25.** নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি কেন্দ্রশাসিত অঞ্চল নয়?
(a) চন্ডিগড়
(b) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ
(c) পুদুচেরি
(d) ত্রিপুরা

**Q26.** পলাশীর যুদ্ধ হয়েছিল
(a) 1757 সালে
(b) 1758 সালে
(c) 1857 সালে
(d) 1858 সালে

**Q27.** সম্মিলিত জাতিপুঞ্জের মানবাধিকার কমিশনের সদর দপ্তর কোথায়?
(a) জেনেভায়
(b) ওয়াশিংটনে
(c) প্যারিসে
(d) লন্ডনে

**Q28.** গৌতম বুদ্ধের জন্মস্থান হল
(a) কপিলাবস্তু
(b) সারনাথ
(c) বোধগয়া
(d) লুম্বিনী

**Q29.** বিদ্যাসাগরের জন্মভূমি বীরসিংহ গ্রাম হল
(a) হুগলি জেলায়
(b) নদীয়া জেলার
(c) পশ্চিম মেদিনীপুর জেলায়
(d) হাওড়া জেলায়

**Q30.** 2019 সালে সাংবাদিকতায় ম্যাগসেসে পুরস্কার পেলেন
(a) স্বপন দাশগুপ্ত
(b) রভিশ কুমার
(c) অর্ণব গোস্বমি
(d) রবীন্দ্র কুমার

**Q31.** 'The third pillar' বইটির লেখক এর নাম কি?
(a) অমর্ত্য সেন
(b) পদ্মা দেসাই
(c) রঘুরাম রাজন
(d) জগদীশ ভগবতী

**Q32.** নিম্নলিখিত রাষ্ট্রগুলির মধ্যে কোনটি সার্কের সদস্য নয়?
(a) বাংলাদেশ
(b) মায়ানমার
(c) শ্রীলংকা
(d) নেপাল

**Q33.** নিম্নে বর্ণিত নদীগুলির মধ্যে কোন নদী ভারত বাংলাদেশ সীমান্ত রেখা অতিক্রম করে না?
(a) গঙ্গা
(b) তিস্তা
(c) আত্রেয়ী
(d) দামোদর

**Q34.** নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে ঠিক কার পরে ডোনাল্ড ট্রাম্প মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নিযুক্ত হয়েছিলেন?
(a) বিল ক্লিনটন
(b) বারাক ওবামা
(c) কলিং পাভেল
(d) জর্জ বুশ জুনিয়র

**Q35.** বর্তমানে চীনে হংকং ছাড়া আর কতগুলি SARs রয়েছে?
(a) 2
(b) 1
(c) 3
(d) ওপরের কোনোটিই নয়

**Q36.** বালাকোট জায়গাটির অবস্থান
(a) ভারতের উত্তর পূর্বে
(b) পাকিস্তানের উত্তর-পশ্চিমে
(c) আফগানিস্থানে
(d) ইরান-আফগানিস্তান সীমান্তে

**Q37.** জয়দেব মুখার্জি কোন খেলায় ভারতীয় দলে খেলেছেন?
(a) টেনিস
(b) ব্যাডমিন্টন
(c) ক্রিকেট
(d) ফুটবল

**Q38.** ভারত-বাংলাদেশ সীমান্তে ভারতের দিকে প্রহরায় মোতায়ন আছেন
(a) ভারতীয় সেনাবাহিনী
(b) সীমান্ত রক্ষা বাহিনী
(c) কেন্দ্রীয় রিজার্ভ পুলিশ
(d) ইন্দো-তিব্বত বর্ডার পুলিশ

**Q39.** নিচে উল্লেখিত দেশগুলির মধ্যে কোন দেশটি 2019 ক্রিকেট ওয়ার্ল্ড কাপ জয় করেছে?
(a) দক্ষিণ আফ্রিকা
(b) ইংল্যান্ড
(c) নিউজিল্যান্ড
(d) ভারত

**Q40.** মহাত্মা গান্ধীকে হত্যা করা হয় 30 শে জানুয়ারি
(a) 1947 সালে
(b) 1948 সালে
(c) 1949 সালে
(d) 1950 সালে

**Q41.** পরপর তিনটি যুগ্ম সংখ্যার যোগফল 54 হলে এদের মধ্যে ক্ষুদ্রতম সংখ্যাটি কত?
(a) 18
(b) 15
(c) 20
(d) 16

**Q42.** 0.2 + 0.2 – 0.2 ÷ 0.2 × (0.2 × 0.2) এর সরলতম মান
(a) 0.04
(b) 0.2
(c) 1
(d) 0.36

**Q43.** এক ফল বিক্রেতা 10 টাকা দিয়ে 11 টি আপেল কিনে 11 টাকায় 10 টি আপেল বিক্রয় করলেন। তার কত লাভ বা ক্ষতি হলো?
(a) 20% ক্ষতি
(b) 21% ক্ষতি
(c) 20% লাভ
(d) 21% লাভ

**Q44.** ক্ষুদ্রতম কোন সংখ্যাকে 56, 76 এবং 190 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 1 অবশিষ্ট থাকে?
(a) 1140
(b) 1141
(c) 1150
(d) 1151

**Q45.** যদি A : B = 2 : 3, B : C = 4 : 5 এবং C : D = 3 : 7 হয়, তবে A : B : C : D এর অনুপাত হবে
(a) 8:12:15:35
(b) 8:15:12:35
(c) 12:8:15:35
(d) 12:8:35:15

**Q46.** একটি নৌকা 3 ঘন্টায় স্রোতের প্রতিকূলে 9 কিলোমিটার অথবা স্রোতের অনুকূলে 18 কিলোমিটার যেতে পারে। স্থির জলে নৌকার বেগ কত?
(a) 4 কিমি /ঘন্টা
(b) 4.5 কিমি /ঘন্টা
(c) 3 কিমি /ঘন্টা
(d) 3.5 কিমি /ঘন্টা

**Q47.** যদি কোন আসল, চক্রবৃদ্ধি হার সুদে তিন বছরে সুদে-আসলে 27 গুণ হয়, তবে বার্ষিক সুদের হার কত?
(a) 100%
(b) 150%
(c) 75%
(d) 200%

**Q48.** 200 মিটারের একটি প্রতিযোগিতায় A ঘন্টায় 5 কিমি বেগে দৌড়ায়। B যখন 8 মিটার এগিয়ে যায় তখন A দৌড় শুরু করে তবুও B কে 8 সেকেন্ডে পরাজিত করে। B এর গতিবেগ সেকেন্ডে নির্ণয় করো।
(a) 48/19 মিটার /সেকেন্ড
(b) 24/19 মিটার /সেকেন্ড
(c) 32/19 মিটার /সেকেন্ড
(d) 60/19 মিটার /সেকেন্ড

**Q49.** বার্ষিক 10% চক্রবৃদ্ধি হার সুদে 10000 টাকার 3 বছরের সুদ-আসল কত হবে? (সুদ পর্ব 1 বছর)
(a) Rs 12340
(b) Rs 13210
(c) Rs 13320
(d) Rs 13310

**Q50.** কোন বস্তুর ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত 10:11 হলে শতকরা লাভ কত?
(a) 5%
(b) 10%
(c) 15%
(d) 20%

**Q51.** A, B ও C এর বয়সের অনুপাত 5:8:9; যদি A ও C এর বয়সের সমষ্টি 56 বছর হয় তবে B এর বয়স কত?
(a) 20 বছর
(b) 32 বছর
(c) 36 বছর
(d) 40 বছর

**Q52.** $\sqrt{0.02+\sqrt{0.0049}}=?$
(a) 0.03
(b) 0.42
(c) 0.003
(d) 0.3

**Q53.** √0.01 + √0.81 + √1.21 + √0.0009 এর মান হবে
(a) 2.03
(b) 2.1
(c) 2.11
(d) 2.13

**Q54.** দুটি সংখ্যার অনুপাত 10:7 এবং তাদের পার্থক্য 105 হলে সংখ্যা দুটির সমষ্টি কত?
(a) 595
(b) 805
(c) 1190
(d) 1610

**Q55.** A একটি কাজ 12 দিনে করতে পারে। B, A এর চেয়ে 60% বেশি দক্ষ। তাহলে ওই একই কাজ করতে B এর সময় লাগবে
(a) 7½ দিন
(b) 6 ¼ দিন
(c) 8 দিন
(d) 6 দিন

**Q56.** যদি P এর 50% = Q এর 25% হয়, তবে P = Q এর x% হলে, x = কত?
(a) 0.5
(b) 2
(c) 50
(d) 0.005

**Q57.** কোন মূলধন 3 বছরে সুদে-মূলে 560 টাকা এবং 5 বছরে সুদে-মূলে 600 টাকা হয়, বার্ষিক সুদের হার কত?
(a) 2%
(b) 4%
(c) 6%
(d) 8%

**Q58.** কোন সংখ্যার ⅔ অংশের মান 26 হলে, সংখ্যাটি 25% এর মান কত?
(a) 9.25
(b) 9.35
(c) 9.55
(d) 9.75

**Q59.** দুটি সংখ্যার লসাগু 315 এবং তাদের অনুপাত 5:7, তাদের গুণফল
(a) 2358
(b) 2538
(c) 2835
(d) 2853

**Q60.** এক ব্যক্তি 40 কিলোমিটার প্রতি ঘন্টা বেগে P থেকে Q পর্যন্ত গিয়ে তার গতিবেগ 50% বৃদ্ধি করে ফিরে আসে। সমগ্র যাত্রাপথে ব্যক্তির গড় গতিবেগ কত?
(a) 36 কিলোমিটার /ঘন্টা
(b) 45 কিলোমিটার /ঘন্টা
(c) 48 কিলোমিটার /ঘন্টা
(d) 50 কিলোমিটার /ঘন্টা

**Q61.** যদি 579*2 সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য হয়, তবে * চিহ্নিত স্থানে যে সংখ্যাটি বসবে তা হল
(a) 3
(b) 7
(c) 9
(d) 11

**Q62.** যদি $5\frac{5}{3} - 3\frac{8}{9} - * = 1$ হয় তবে * চিহ্ন স্থানটিতে বসতে হবে
(a) ⅔
(b) 3/2
(c) 16/9
(d) $2\frac{1}{7}$

**Q63.** বার্ষিক 5% সরল সুদে 500 টাকার 6 বছরের সুদ কত?
(a) 250 টাকা
(b) 150 টাকা
(c) 140 টাকা
(d) 120 টাকা

**Q64.** A একটি কাজের ⅓ অংশ করে 5 দিনে এবং B ওই কাজটি ⅖ অংশ 10 দিনে করতে পারে। A ও B একত্রে সম্পূর্ণ কাজটি করে
(a) 7¾ দিনে
(b) 9⅜ দিনে
(c) 8⅘ দিনে
(d) 10 দিনে

**Q65.** 10% এবং 30% ক্রমিক ছাড় এর সমতুল্য ছাড় কত শতাংশ হবে?
(a) 33%
(b) 37%
(c) 40%
(d) 47%

**Q66.** (2.3×2.3×2.3 - 0.027)/(2.3×2.3+0.69+0.09) এর সরলতম মান হবে
(a) 1
(b) 2
(c) 3
(d) 4

**Q67.** একটি চৌবাচ্চা দুটি নল দিয়ে যথাক্রমে 9 ঘন্টা এবং 12 ঘন্টায় চৌবাচ্চাটি পূর্ণ হয়। দুটি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চা পূর্ণ হবে
(a) $5\frac{1}{7}$ ঘন্টায়
(b) $5\frac{2}{7}$ ঘন্টায়
(c) $5\frac{3}{7}$ ঘন্টায়
(d) 5 ঘন্টায়

**Q68.** একটি সংখ্যাকে 175 দ্বারা ভাগ করলে 132 ভাগশেষ থাকে৷ সংখ্যাটিকে 25 দ্বারা ভাগ করলে ভাগশেষ থাকে
(a) 6
(b) 7
(c) 8
(d) 9

**Q69.** A, B, C একটি কাজ যথাক্রমে 6, 12 ও 24 দিনে করতে পারে৷ তারা একত্রে কাজটি শেষ করবে
(a) 7¾ দিন
(b) 9⅜ দিন
(c) 8¾ দিন
(d) $3\frac{3}{7}$ দিন

**Q70.** 150 গ্রাম চিনির দ্রবণে 20 শতাংশ চিনি আছে৷ ওই দ্রবণে আরো কত গ্রাম চিনি মিশ্রিত করলে চিনির পরিমাণ মোট মিশ্রণের 25% হবে?
(a) 10 গ্রাম
(b) 35 গ্রাম
(c) 40 গ্রাম
(d) 45 গ্রাম

**Q71.** Find from below the word that means 'essential.'
(a) Unimportant
(b) Relevant
(c) Essence
(d) Vital

**Q72.** Complete the idiom by choosing the right word from the options given below:
The old lady was murdered in the cold ___.
(a) Ice
(b) Water
(c) Blood
(d) Milk

**Q73.** Choose from the following the correct indirect form of the sentence given:
He said to me, 'I have never seen such a brilliant boy in my life'.
(a) That I have never seen such a brilliant boy in my life, he said to me.
(b) Such a brilliant boy was never seen in my life, he told me.
(c) The boy was so brilliant that he had never seen the like of him.
(d) He told me that he had never seen such a brilliant boy in his life.

**Q74.** Choose from the list below the most appropriate word to fill in the blank:
A ___ is a person who gets things secretly and illegally into or out of a country.
(a) Importer
(b) Criminal
(c) Smuggler
(d) Exporters

**Q75.** Find out from the given words the opposite of 'attack'.
(a) Fight
(b) Return
(c) Defend
(d) Pounce

**Q76.** Find out the appropriate word that fits the underlined part of the sentence:
The handkerchief was turned into a bird by the magician.
(a) Stuffed
(b) Put
(c) Transformed
(d) Puffed

**Q77.** Fill in the blank with an appropriate word from the list below:
Neither Lata nor Sujatha ___ present in class on 14th October.
(a) Were
(b) Are
(c) Was
(d) Have been

**Q78.** Find from the below the word that means 'enormous'.
(a) Famous
(b) Normal
(c) Incongruous
(d) Huge

**Q79.** Change from passive to active voice, choosing from the options below:
The crazy girl was laughed at.
(a) They laughed at the crazy girl.
(b) At the crazy girl, they laughed.
(c) They were laughed at by the crazy girl.
(d) The crazy girl laughed at them.

**Q80.** Change from active to passive voice by choosing from the options below:
The boys are flying kites in the sky.
(a) Kites are flying in the sky by the boys.
(b) In the sky, kites are flown by the boys.
(c) Kites are being flown by the boys in the sky.
(d) The flying of kites in the sky is done by the boys.

**Q81.** Replace the underlined word with the most appropriate phrasal verbs:
He decided to <u>visit</u> him at his home.
(a) Call for
(b) Call on
(c) Call up
(d) Call off

**Q82.** Fill in the blank with an appropriate preposition listed below:
The tired hawker sat ____ the tree.
(a) Up
(b) In
(c) From
(d) Under

**Q83.** Replace the missing word with the right word from the options below:
The man was so ____ that he believed that God himself had drunk the milk offered.
(a) Credible
(b) Creditable
(c) Credulous
(d) Incredible

**Q84.** Change the following statement into an interrogative sentence:
You have had your dinner.
(a) Had you have your dinner?
(b) Have you had your dinner?
(c) What about your dinner, did you have it?
(d) Did you have your dinner?

**Q85.** Choose the correct spelling from the options below
(a) Hyphanated
(b) Hyphennated
(c) Hyphannated
(d) Hyphenated

**Q86.** Replace the missing word with the right word from the options below:
All ____ Alok were present during the meeting.
(a) Except
(b) Expect
(c) Exceed
(d) Accept

**Q87.** Fill in the blank with an appropriate preposition given below:
Ram was good ____ Chemistry.
(a) At
(b) With
(c) About
(d) Over

**Q88.** Fill in the blank with an appropriate preposition from the list below:
Ritash mother did not approve ____ her returning home so late at night.
(a) For
(b) On
(c) To
(d) Of

**Q89.** He was too preoccupied ____ his studies to think of other matters.
(a) With
(b) In
(c) At
(d) On

**Q90.** Choose the correct spelling from the options below
(a) Exaggerate
(b) Exagarate
(c) Exaggarate
(d) Exagerate

**Q91.** Choose the correct form of the verb from the options given below:
He rushed to the hospital after he ____ the news.
(a) Has heard
(b) Has been heard
(c) Has been hearing
(d) Had heard

**Q92.** Fill in the blank with an appropriate preposition from the list below:
He was successful ____ completing the job within four days.
(a) On
(b) In
(c) With
(d) Of

**Q93.** Complete the idiom by choosing the right word:
When Deepak could not solve the problem, he decided to give ____.
(a) Off
(b) Up
(c) Out
(d) Back

**Q94.** Complete the idiom by choosing the right word:
His old shoes have stood him in good ___ in his travels.
(a) Stead
(b) Years
(c) Price
(d) Manner

**Q95.** Replace the underlined word with the right alternative from the options given:
The time allowed for the work should have been adequate.
(a) Indefinite
(b) Subsequent
(c) Efficient
(d) Sufficient

**Q96.** Choose the most appropriate word to fill in the blank:
The examiner could not understand the candidate's handwriting because it was ___.
(a) Distinct
(b) Shining
(c) Stylish
(d) Illegible

**Q97.** Fill in the blank with an appropriate preposition from the list below:
The policeman seized him ___ arm and led him away.
(a) By
(b) With
(c) At
(d) On

**Q98.** Find the word that means a plant that grows in hot, dry regions covered in spines but without leaves:
(a) Creeper
(b) Cactus
(c) Eucalyptus
(d) Sugarcane

**Q99.** Find the word which has the same meaning as 'commence'.
(a) Announce
(b) Commend
(c) Begin
(d) Comment

**Q100.** Fill in the blank with an appropriate preposition from the list below:
Sita and Mira quarrelled ____ themselves.
(a) Among
(b) Between
(c) With
(d) For

## Solutions

**S1. Ans.(d)**
**Sol.**
- দালাই লামা বর্তমানে হিমাচল প্রদেশের ধর্মশালাতে (ম্যাকলিওডগঞ্জ) থাকেন। তিনি 1959 সাল থেকে এখানে বসবাস করছেন, যখন চীনা সৈন্যদের দ্বারা তিব্বতীয় জাতীয় বিদ্রোহের নির্মম দমনের পর তাকে নির্বাসিত করা হয় ও তিনি সেখান থেকে অন্তর্ধান করতে বাধ্য হন। ইনি তিব্বতে শান্তিরক্ষার ক্ষেত্রে অবদানের জন্য 1989 সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করেছেন।

**S2. Ans.(c)**
**Sol.**
- লোকসভার সর্বোচ্চ আসন সংখ্যা 552 হতে পারে। ভারতীয় সংবিধানের আর্টিকেল 81 অনুযায়ী এর মধ্যে রাজ্যগুলির জন্য 530 টি ও 20 টি কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জন্য বরাদ্দ। সংবিধানের আর্টিকেল 331 অনুযায়ী দুটি আসন অ্যাংলো ইন্ডিয়ানদের জন্য বরাদ্দ হতে পারে যেগুলি রাষ্ট্রপতি দ্বারা মনোনীত। বর্তমানে লোকসভার মোট আসন সংখ্যা 545। রাজ্যগুলির জন্য 530 টি আসন ও কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য 13 টি আসন রয়েছে এবং 2 টি অ্যাংলো ইন্ডিয়ানদের জন্য রয়েছে।

**S3. Ans.(d)**
**Sol.**
- তারাশংকর বন্দ্যোপাধ্যায় একজন ভারতীয় বাংলা ভাষার ঔপন্যাসিক। তিনি 65 টি উপন্যাস, 53-গল্প-বই, 12 টি নাটক, 4 টি প্রবন্ধ-বই, 4 টি আত্মজীবনী, 2 টি ভ্রমণ কাহিনী লিখেছেন এবং বেশ কয়েকটি গান রচনা করেছেন। তিনি রবীন্দ্র পুরস্কার, সাহিত্য আকাদেমি পুরস্কার, জ্ঞানপীঠ পুরস্কার, পদ্মশ্রী এবং পদ্মভূষণে ভূষিত হন। তাঁর রচিত কয়েকটি উল্লেখযোগ্য উপন্যাস হল – আরোগ্য নিকেতন, গণদেবতা, হাঁসুলি বাঁকের উপকথা, রাধা ইত্যাদি। বাকি তিনজনই প্রখ্যাত চিত্রকার।

**S4. Ans.(c)**
**Sol.**
- প্রণব কুমার মুখোপাধ্যায় একজন ভারতীয় রাজনীতিক ছিলেন যিনি 2012 থেকে 2017 পর্যন্ত ভারতের 13তম রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব পালন করেছিলেন। পাঁচ দশকের রাজনৈতিক কেরিয়ারে, তিনি ভারত সরকারের বেশ কয়েকটি মন্ত্রীত্বের দপ্তর লাভ করেছিলেন। রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার আগে, তিনি 2009 থেকে 2012 সাল পর্যন্ত কেন্দ্রীয় অর্থমন্ত্রী ছিলেন, 2006 থেকে 2006 পর্যন্ত বিদেশমন্ত্রী ছিলেন ও 2004 থেকে 2006 পর্যন্ত প্রতিরক্ষা মন্ত্রী ছিলেন। 2019 সালে ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ তাঁকে ভারতের সর্বোচ্চ বেসামরিক সম্মান, ভারতরত্ন প্রদান করেন।

**S5. Ans.(c)**
**Sol.**
- গ্রেটা টিনটিন ইলেওনোরা এর্নম্যান থুনবার্গ হলেন সুইডেনের একজন স্কুল শিক্ষার্থী যিনি 15 বছর বয়সে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় অবিলম্বে কার্যকর প্রদক্ষেপ গ্রহণের জন্য সুইডেন সংসদের বাইরে প্রতিবাদ শুরু করেন। তখন থেকে তিনি পরিবেশ ও জলবায়ুকর্মী হিসেবে পরিচিতি পান। 2019 সালে তাকে শান্তিতে নোবেল পুরস্কারের মনোনীত করা হয়।

**S6. Ans.(a)**
**Sol.**
- 2019 সালের সাহিত্যে নোবেল পুরস্কার পিটার হ্যান্ডকে দেওয়া হয়েছিল একটি প্রভাবশালী কাজের জন্য যা ভাষাগত দক্ষতার সাথে মানুষের অভিজ্ঞতার পরিধি এবং সুনির্দিষ্টতা অনুসন্ধান করেছে।

**S7. Ans.(b)**
**Sol.**
- 21 এপ্রিল 2019 ইস্টার রবিবারে, শ্রীলঙ্কার তিনটি গীর্জা এবং বাণিজ্যিক রাজধানী কলম্বোর তিনটি বিলাসবহুল হোটেলকে সমন্বিত ইসলামপন্থী সন্ত্রাসী আত্মঘাতী বোমা হামলার লক্ষ্যবস্তু করা হয়েছিল।

**S8. Ans.(d)**
**Sol.**
- পশ্চিমবঙ্গ বর্তমানে 23 টি জেলায় বিভক্ত, যার মধ্যে রয়েছে নবগঠিত আলিপুরদুয়ার জেলা (25 জুন 2014 তারিখে গঠিত), কালিম্পং জেলা (14 February ফেব্রুয়ারি 2017 তারিখে গঠিত), ঝাড়গ্রাম জেলা (4 এপ্রিল 2017 তারিখে গঠিত) এবং পূর্বের বর্ধমান জেলার বিভাজন করে পূর্ব বর্ধমান জেলা এবং পশ্চিম বর্ধমান জেলা (7 এপ্রিল 2017 সালে গঠিত)।

**S9. Ans.(b)**
**Sol.**
- ভারত ফ্রান্সের সাথে 59,000 কোটি টাকায় 36 টি রাফাল যুদ্ধবিমান কেনার জন্য 2016 September সালের সেপ্টেম্বরে রাফাল চুক্তি স্বাক্ষর করেছে।
- প্রতিরক্ষা প্রতিমন্ত্রী অজয় ভাট বুধবার বলেছেন, ভারত 36 টির মধ্যে 26 টি রাফাল বিমান পেয়েছে যা ডাসল্ট এভিয়েশন থেকে অর্ডার করা হয়েছে।

**S10. Ans.(b)**
**Sol.**
- প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা নিয়ম (PWM), 2016 (2018 সালে সংশোধিত) দ্বারা সারা দেশে 50 মাইক্রন পুরুত্বের নীচে প্লাস্টিকের বহন ব্যাগ ব্যবহার নিষিদ্ধ করেছে। 2018 সালের জুন মাসে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘোষণা করেছিলেন যে ভারত 2022 সালের মধ্যে দেশের সমস্ত একক ব্যবহারের প্লাস্টিক নির্মূল করবে।

**S11. Ans.(c)**
**Sol.**
- মঞ্জু রানী কৌশিক একজন ভারতীয় বক্সার। তিনি 2019 এ.আই.বি.এ মহিলা বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে রৌপ্য পদক জিতেছিলেন। তিনি বুলগেরিয়ায় অনুষ্ঠিত স্ট্রান্ডজা মেমোরিয়াল বক্সিং টুর্নামেন্ট 2019 এ রৌপ্য পদক এবং থাইল্যান্ড ওপেন 2017 এবং ইন্ডিয়া ওপেন 2017 এ ব্রোঞ্জ পদক জিতেছেন।
- দিব্যেন্দু বড়ুয়া একজন ভারতীয় দাবা গ্র্যান্ডমাস্টার। তিনি তিনবারের ভারতীয় দাবা চ্যাম্পিয়ন। বিশ্বনাথন আনন্দের পর তিনি ছিলেন দ্বিতীয় ভারতীয়, নিয়াজ মুর্শেদের পর দ্বিতীয় বাঙালি, এবং নিয়াজ ও আনন্দের পর তৃতীয় দক্ষিণ এশিয়ান যিনি দাবা গ্র্যান্ডমাস্টারের খেতাব অর্জন করেছিলেন ।
- চাঁদ রাম একজন প্রাক্তন ভারতীয় ক্রীড়াবিদ যিনি 1882 সালের এশিয়ান গেমসে দিল্লিতে 20 কিলোমিটার রোড ওয়াক ইভেন্টে স্বর্ণপদক জিতেছিলেন। তিনি 1984 অলিম্পিকে ভারতের প্রতিনিধিত্ব করেছিলেন। তাকে অর্জুন পুরস্কার এবং পদ্মশ্রী সম্মান দেওয়া হয়েছিল।

- দীপা কর্মকার একজন ভারতীয় শৈল্পিক জিমন্যাস্ট। গ্লাসগোতে 2014 কমনওয়েলথ গেমসে ব্রোঞ্জ পদক জেতার পর দীপা কর্মকার প্রথম দৃষ্টি আকর্ষণ করেছিলেন, কমনওয়েলথ গেমসের ইতিহাসে তিনি প্রথম ভারতীয় মহিলা জিমন্যাস্ট যিনি পদক জিতেছেন।

**S12. Ans.(b)**
**Sol.**

- 1906 সালের সেপ্টেম্বরে গান্ধীজি স্থানীয় ভারতীয়দের বিরুদ্ধে গঠিত ট্রান্সভাল এশিয়াটিক অধ্যাদেশের বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য প্রথম সত্যাগ্রহ অভিযানের আয়োজন করেন। আবার 1907 সালের জুন মাসে তিনি কালো আইনের বিরুদ্ধে সত্যাগ্রহ করেন। 1908 সালে, তাকে অহিংস আন্দোলন সংগঠিত করার জন্য তাঁর জেল হয়েছিল।

**S13. Ans.(b)**
**Sol.**

- 2016 গ্রীষ্মকালীন অলিম্পিক, যা আনুষ্ঠানিকভাবে "XXXI অলিম্পিয়াড গেমস" নামে পরিচিত, এটি একটি আন্তর্জাতিক মাল্টি-স্পোর্টস ইভেন্ট যা ব্রাজিলের রিও ডি জেনিরোতে 5 আগস্ট থেকে 21 আগস্ট, 2016 পর্যন্ত অনুষ্ঠিত হয়েছিল। ভারত এই প্রতিযোগিতায় 67তম স্থান অধিকার করে। ভারতের সংগ্রহে 1 টি ব্রোঞ্জ ও 1 টি রৌপ্য পদক আসে। এই ইভেন্ট-এর উদ্বোধনে ভারতের পতাকাবাহক ছিলেন অভিনব বিন্দ্রা ও সমাপ্তিতে পতাকাবাহক ছিলেন সাক্ষী মালিক।
- 2020 অলিম্পিক – টোকিও
- 2024 অলিম্পিক – প্যারিস
- 2028 অলিম্পিক – লস অ্যাঞ্জেলেস

**S14. Ans.(b)**
**Sol.**

- সংবিধানের 370 ধারার অবলুপ্তির জন্য জম্মু এবং কাশ্মীরের সাংবিধানিক বিশেষ মর্যাদা ক্ষুন্ন হয়েছে। আগস্ট 2019 সালে ভারতের সংসদের উভয় কক্ষে ধারা 370 বাতিল করার একটি প্রস্তাব পাস করা হয়েছিল। একই সাথে, একটি পুনর্গঠন আইনও পাস করা হয়েছিল, যা রাজ্যকে দুটি কেন্দ্রশাসিত অঞ্চল, জম্মু ও কাশ্মীর এবং লাদাখকে পুনর্গঠিত করবে। এই পুনর্গঠন 31 অক্টোবর 2019 থেকে কার্যকর হয়েছে।
- ভারতীয় সংবিধানের 370 অনুচ্ছেদটি জম্মু ও কাশ্মীরকে বিশেষ মর্যাদা দিয়েছে, এটিকে একটি পৃথক সংবিধানের ক্ষমতা প্রদান করে, একটি রাজ্যের পতাকা এবং রাজ্যের অভ্যন্তরীণ প্রশাসনের উপর স্বায়ত্তশাসন প্রদান করে।

**S15. Ans.(c)**
**Sol.**

- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 21 থেকে 27 সেপ্টেম্বর 2019 মার্কিন যুক্তরাষ্ট্রে সাত দিনের সফরে ছিলেন। প্রধানমন্ত্রীর সময়সূচীতে রয়েছে বহু-মুখী অনুষ্ঠান, দ্বিপাক্ষিক বৈঠক এবং হিউস্টনে "হাউডি মোদী " অনুষ্ঠানে ভারতীয় প্রবাসীদের উদ্দেশে একটি ভাষণ।

**S16. Ans.(b)**
**Sol.**

- স্কটল্যান্ড United Kingdom এর একটি অংশ এবং গ্রেট ব্রিটেনের উত্তর তৃতীয় অংশ দখল করে।
- বাকিগুলি ইউরোপের স্বাধীন দেশ।

**S17. Ans.(b)**
**Sol.**

- ক্রিস্টালিনা জর্জিভা বর্তমানে আন্তর্জাতিক অর্থভান্ডারের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন, তিনি 25 সেপ্টেম্বর, 2019 এ এই পদে নির্বাচিত হয়েছিলেন এবং 1 অক্টোবর, 2019 থেকে দায়িত্ব পালন করছেন।

**S18. Ans.(b)**
**Sol.**

- লিওনেল আন্দ্রেস মেসি, যিনি লিও মেসি নামেও পরিচিত, একজন আর্জেন্টিনার পেশাদার ফুটবলার যিনি বর্তমানে লিগ ওয়ান ক্লাব প্যারিস সেন্ট জার্মেইনের ফরোয়ার্ড হিসেবে খেলেন এবং আর্জেন্টিনা জাতীয় দলের অধিনায়ক। তিনি পূর্বে স্পেনের লা লীগার বার্সেলোনা ক্লাবের হয়ে নিজের কেরিয়ার শুরু করেন এবং ওই ক্লাবেই সাফল্যের শিখরে পৌছন। তিনি 6 বার ব্যালন ডি'ওর পুরস্কার জিতেছেন। তাঁকে ফুটবলের সর্বকালের সেরা খেলোয়াড়দের মধ্যে একজন হিসেবে গণ্য করা হয়।

**S19. Ans.(a)**
**Sol.**

- ফিজি হল দক্ষিণ প্রশান্ত মহাসাগরে আগ্নেয়গিরির দ্বীপগুলির একটি সমষ্টি, যা হনলুলুর দক্ষিণ - পশ্চিমে প্রায় 4,450 কিলোমিটার (2,765 মাইল)

এবং নিউজিল্যান্ডের উত্তরে 1,770 কিমি (1,100 মাইল) অবস্থিত। 322 টি দ্বীপ এবং 522 টি ছোট দ্বীপের মধ্যে দ্বীপপুঞ্জ তৈরি করে, প্রায় 106টি স্থায়ীভাবে বসবাস করে। মোট স্থলভাগের ক্ষেত্রফল 18,272 বর্গকিমি (7,055 বর্গ মাইল)। এটির দ্বিতীয় বৃহত্তম এক্সক্লুসিভ ইকোনমিক জোন (1,282,978 বর্গকিমি বা 495,361 বর্গ মাইল)।

**S20. Ans.(c)**
**Sol.**

- S-400 Triumf, পূর্বে S-300PMU-3 নামে পরিচিত ছিল, এটি একটি এন্টি-এয়ারক্রাফট ওয়েপন সিস্টেম যা 1990-এর দশকে রাশিয়ার আলমাজ সেন্ট্রাল ডিজাইন ব্যুরো S-300 পরিবারের আপগ্রেড হিসাবে তৈরি করেছিল। এটি 2007 সাল থেকে রাশিয়ান সশস্ত্র বাহিনীর সাথে কাজ করছে।
- দীর্ঘমেয়াদী নিরাপত্তার প্রয়োজনে 5 অক্টোবর, 2019-এ নয়াদিল্লিতে 19তম ভারত-রাশিয়া বার্ষিক দ্বিপাক্ষিক শীর্ষ সম্মেলনের সময় ভারত পাঁচটি S-400 সিস্টেম কেনার জন্য রাশিয়ার সঙ্গে 5.43 বিলিয়ন ডলারের চুক্তি স্বাক্ষর করেছে।

**S21. Ans.(c)**
**Sol.**

- 2019 BWF ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ একটি ব্যাডমিন্টন টুর্নামেন্ট যা 19 থেকে 25 আগস্ট 2019 পর্যন্ত সুইজারল্যান্ডের বাসেলের সেন্ট জ্যাকবশালে অনুষ্ঠিত হয়েছিল।
- পি ভি সিন্ধু রবিবার এখানে একদল ফাইনালে চিরপ্রতিদ্বন্দ্বী জাপানের নোজোমি ওকুহারাকে হারিয়ে ব্যাডমিন্টন বিশ্ব চ্যাম্পিয়নশিপে স্বর্ণ জেতেন।

**S22. Ans.(c)**
**Sol.**

- ইমানুয়েল জিন-মিশেল ফ্রেডরিক ম্যাক্রন একজন ফরাসি রাজনীতিবিদ যিনি 14ই মে 2017 থেকে ফ্রান্সের রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব পালন করছেন।

**S23. Ans.(b)**
**Sol.**

- 1951 সালে নয়াদিল্লিতে প্রথম এশিয়ান গেমস অনুষ্ঠিত হয়েছিল। এশিয়ান গেমস, যা এশিয়াড নামেও পরিচিত, একটি মহাদেশীয় মাল্টি-স্পোর্টস ইভেন্ট যা প্রতি চার বছর পর এশিয়া থেকে আসা ক্রীড়াবিদদের মধ্যে অনুষ্ঠিত হয়।

**S24. Ans.(c)**
**Sol.**

- ক্ষুদিরাম বসু (3 ডিসেম্বর 1889 - 11 আগস্ট 1908) ছিলেন বেঙ্গল প্রেসিডেন্সির একজন ভারতীয় বিপ্লবী যিনি ভারতের ব্রিটিশ শাসনের বিরোধিতা করেছিলেন। মুজফফরপুর ষড়যন্ত্র মামলায় তার ভূমিকার জন্য প্রফুল্ল চাকীর সাথে, তাকেও মৃত্যুদণ্ড দেওয়া হয়েছিল। এর জন্য তাঁকে ভারতীয় স্বাধীনতা আন্দোলনের সর্বকনিষ্ঠ শহীদদের মধ্যে গণ্য করা হয়। ব্রিটিশ বিচারক ডগলাস কিংসফোর্ডকে হত্যার চেষ্টার দায়ে গ্রেপ্তার হওয়ার পর ক্ষুদিরাম বোস 1908 সালের 11 আগস্ট বিহারের মুজাফফরপুর কারাগারে মৃত্যুবরণ করেন।

**S25. Ans.(d)**
**Sol.**

- ত্রিপুরা ভারতের একটি রাজ্য। বাকিগুলি ভারতের কেন্দ্রশাসিত অঞ্চল।

**S26. Ans.(a)**
**Sol.**

- পলাশীর যুদ্ধ রবার্ট ক্লাইভের নেতৃত্বে 1757 সালে বাংলার নবাব সিরাজ-উদ-দৌলা এবং তার ফরাসি মিত্রদের উপর ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির একটি সিদ্ধান্তমূলক জয়লাভ ছিল, যা নবাব সিরাজ-উদ-দৌলার সেনাপতি মীর জাফরের বিশ্বাসঘাতকতার কারণে সম্ভব হয়েছিল।

**S27. Ans.(a)**
**Sol.**

- সম্মিলিত জাতিসংঘ মানবাধিকার কাউন্সিল (ইউ.এন.এইচ.আর.সি) একটি সম্মিলিত জাতিসংঘের সংস্থা যার মিশন বিশ্বব্যাপী মানবাধিকার প্রচার ও সুরক্ষা করা। কাউন্সিলের আঞ্চলিক গোষ্ঠী ভিত্তিতে তিন বছরের মেয়াদের জন্য 47 জন সদস্য নির্বাচিত হয়েছে। কাউন্সিলের সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়।

**S28. Ans.(d)**
**Sol.**

- সিদ্ধার্থ গৌতম বা ভগবান বুদ্ধ, 623 খ্রিস্টপূর্বাব্দে জন্মগ্রহণ করেছিলেন লুম্বিনির বিখ্যাত উদ্যানে, যা পরে তীর্থস্থানে পরিণত হয়। তীর্থযাত্রীদের মধ্যে ছিলেন ভারতীয় সম্রাট অশোক, যিনি সেখানে তাঁর একটি স্মারক লিপিবদ্ধ অশোক স্তম্ভ স্থাপন করেছিলেন।

**S29. Ans.(c)**
**Sol.**
- বীরসিংহ হল পশ্চিমবঙ্গ রাজ্যের পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটাল মহকুমার ঘাটাল ব্লকের অন্তর্গত একটা বড়ো গ্রাম। বীরসিংহ গ্রামের প্রথম পরিচয় হল এটা বাংলার স্বনামধন্য সমাজ সংস্কারক তথা বাংলা বর্ণপরিচয় প্রণেতা পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মস্থান।

**S30. Ans.(b)**
**Sol.**
- 2019 সালে সাংবাদিকতায় রামন ম্যাগসেসে পুরস্কার পেলেন রভিশ কুমার। তিনি NDTV চ্যানেলের প্রধান সঞ্চালক। রামন ম্যাগসেসে পুরস্কারকে এশিয়ার নোবেলও বলা হয়।

**S31. Ans.(c)**
**Sol.**
- 'The third pillar' বইটির লেখক ভারতের রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন গভর্নর রঘুরাম রাজন। সেপ্টেম্বর 2013 থেকে সেপ্টেম্বর 2016 তিনি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের 23তম গভর্নর ছিলেন।

**S32. Ans.(b)**
**Sol.**
- সার্ক হল দক্ষিণ এশিয়ার দেশগুলোর একটি আঞ্চলিক আন্তঃ-সরকারি সংস্থা যেমন ভারত, বাংলাদেশ, ভুটান, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান এবং শ্রীলঙ্কা। 2007 সালে তৎকালীন প্রেসিডেন্ট হামিদ কারজাইয়ের অধীনে আফগানিস্তান এই ব্লকে যোগ দেয়।

**S33. Ans.(d)**
**Sol.**
- দামোদর নদের মোহনা কলকাতার 50 km দক্ষিণে হুগলি নদীতে। তাই এই নদী ভারত-বাংলাদেশ সীমা অতিক্রম করে না।
- দক্ষিণ ও পূর্বে গাঙ্গেয় সমভূমি অঞ্চলের উপর দিয়ে প্রবাহিত হয়ে গঙ্গা মিশেছে বঙ্গোপসাগরে। এক্ষেত্রে এর দুটি ধারা বা শাখা লক্ষনীয়- একটি ফারাক্কা বাঁধ থেকে বিভিন্ন নামে মূলত দক্ষিনে প্রবাহিত হয়ে বঙ্গোপসাগরে পড়েছে; অপরটি বাংলাদেশ সীমান্তে মহানন্দার সাথে মিলে বাংলাদেশে প্রবেশ করে পদ্মা নামে গোয়ালন্দ পর্যন্ত প্রবাহিত হয়েছে।
- সিকিম ও পশ্চিমবঙ্গের উপর দিয়ে প্রবাহিত হওয়ার পর বাংলাদেশে প্রবেশ করে তিস্তা ব্রহ্মপুত্র নদের সঙ্গে মিলিত হয়েছে।
- আত্রেয়ী বাংলাদেশের মধ্যে দিয়ে প্রবাহিত হয়ে উত্তর দিক থেকে এই জেলার কুমারগঞ্জের সমজিয়া দিয়ে জেলা শহর বালুরঘাটের মধ্যে দিয়ে প্রবাহিত হয়ে ফের বাংলাদেশের রাজশাহী জেলার 'চলনবিল' হয়ে করতোয়ার সঙ্গে মিলিত হয়ে পদ্মা নদীতে মিশেছে।

**S34. Ans.(b)**
**Sol.**
- ডোনাল্ড ট্রাম্প 2017 সালে আমেরিকার রাষ্ট্রপতি নির্বাচিত হন। তাঁর পার্টির নাম রিপাবলিকান পার্টি। তাঁর পূর্বে বারাক ওবামা আমেরিকার রাষ্ট্রপতি ছিলেন (2009-2017)। তাঁর পার্টির নাম ডেমোক্রেটিক পার্টি।

**S35. Ans.(b)**
**Sol.**
- গণপ্রজাতন্ত্রী চীনের বিশেষ প্রশাসনিক অঞ্চল (SAR) হল গণপ্রজাতন্ত্রী চীনের এক ধরণের প্রাদেশিক স্তরের প্রশাসনিক বিভাগ যা সরাসরি কেন্দ্রীয় জনগণের সরকারের অধীনে। চীনে দুটি SAR রয়েছে – হংকং ও মাকাউ।

**S36. Ans.(b)**
**Sol.**
- বালাকোট পাকিস্তানের খাইবার পাখতুনখোয়া প্রদেশের মনসেহরা জেলার একটি শহর। এটি পাকিস্তানের ঐতিহাসিক স্থানগুলির একটি।

**S37. Ans.(c)**
**Sol.**
- জয়দীপ মুখোপাধ্যায় একজন ভারতীয় প্রাক্তন প্রথম শ্রেণীর ক্রিকেটার যিনি বাংলার হয়ে খেলেছেন।

**S38. Ans.(b)**
**Sol.**
- ভারত-বাংলাদেশ সীমান্তে ভারতের দিকে প্রহরায় মোতায়ন আছেন সীমান্ত রক্ষা বাহিনী বা BSF।
- BSF এর বর্তমান ডিরেক্টর জেনারেল হলেন পঙ্কজ কুমার সিং।

**S39. Ans.(b)**
**Sol.**
- 2019 আইসিসি ক্রিকেট বিশ্বকাপে ইংল্যান্ড নিউজিল্যান্ডকে পরাস্ত করে ও প্রথমবারের মতো বিশ্বকাপ জয় করে।

- 2019 আইসিসি ক্রিকেট বিশ্বকাপ ছিল 12তম ক্রিকেট বিশ্বকাপ, পুরুষদের জাতীয় দল এবং আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) দ্বারা আয়োজিত একটি একদিনের আন্তর্জাতিক (ওয়ানডে) ক্রিকেট টুর্নামেন্ট। এটি ইংল্যান্ডের 10টি জায়গা এবং ওয়েলসের একটি একক জায়গা জুড়ে 30 মে থেকে 14 জুলাইয়ের মধ্যে আয়োজিত হয়েছিল এবং এই টুর্নামেন্টটি পঞ্চমবারের মতো ইংল্যান্ড বিশ্বকাপ আয়োজন করেছিল এবং ওয়েলসের জন্য এটি ছিল তৃতীয়।

**S40. Ans.(b)**
**Sol.**
- 1948 সালের 30শে জানুয়ারি নাথুরাম গডসে গান্ধীকে গুলি করেন। মৃত্যুর আগে তাঁর মুখে "হে রাম" উচ্চারিত হয়েছিল।

**S41. Ans.(d)**
**Sol.**
- সংখ্যা তিনটির গড় 18। অতএব মধ্যবর্তী সংখ্যাটি 18 ও অপরদুটি যথাক্রমে 18-2 = 16 ও 18+2 = 20। সুতরাং ক্ষুদ্রতম সংখ্যাটি হল 16।

**S42. Ans.(d)**
**Sol.**
- 0.2 + 0.2 – 0.2 ÷ 0.2 × (0.2 × 0.2)
  = 0.4 – 1 × 0.04
  = 0.36

**S43. Ans.(d)**
**Sol.**
- 11 × 10 = 110
  110 টি আপেলের ক্রয় মূল্য = 10 × 10 = 100 টাকা
  110 টি আপেলের বিক্রয়মূল্য = 11 × 11 = 121 টাকা
  লাভ = (121-100)/100 × 100 = 21% লাভ

**S44. Ans.(b)**
**Sol.**
- 56, 76 ও 190 এর লসাগু 1140
  অতএব, সংখ্যাটি হবে 1140 + 1 = 1141

**S45. Ans.(a)**
**Sol.**
- A:B = 2:3, B:C = 4:5
  (A:B) × 4 = (2:3) × 4 = 8:12, (B:C) × 3= (4:5) × 3 = 12:15
  A:B:C = 8:12:15, (C:D) × 5 = (3:7) × 5 = 15:35
  A:B:C:D = 8:12:15:35

**S46. Ans.(b)**
**Sol.**
- স্রোতের অনুকূলে বেগ = 18/3 = 6 km/hr = U
  স্রোতের প্রতিকূলে বেগ = 9/3 = 3 km/hr = V
  সুতরাং, স্থির জলে নৌকার বেগ = (U + V)/2 = (6 + 3)/2 = 4.5 km/hr

**S47. Ans.(d)**
**Sol.**
- 27P = P{1 + (r/100)}$^3$ [এখানে P = মূলধন, r = সুদের হার]
  $(27)^{1/3}$ = {1 + (r/100)}
  3-1 = r/100
  সুতরাং, r = 200%

**S48. Ans.(b)**
**Sol.**
- A এর গতিবেগ = 5 km/ hr = 5 × 5/18 মিটার/সেকেন্ড = 25/18 মিটার /সেকেন্ড
  A এর মোট সময় = 200 /(25/18) = 144 সেকেন্ড
  B এর মোট সময় = 144 + 8 = 152 সেকেন্ড
  সুতরাং, B এর গতিবেগ = (200 - 8) মিটার /152 সেকেন্ড = 192 /152 মিটার /সেকেন্ড = 24/19 মি/সে

**S49. Ans.(d)**
**Sol.**
- P = 10000$(1+10/100)^3$
  = 10000 $(11/10)^3$
  = 10000 (1331/1000) = 13310

**S50. Ans.(b)**
**Sol.**
- ক্রয়মূল্য 10, বিক্রয়মূল্য 11, লাভ = (11 – 10) = 1
  অর্থাৎ, শতকরা লাভ = 1/10 × 100 = 10%

**S51. Ans.(b)**
**Sol.**
- A:B:C = 5:8:9, A + C → 5 + 9 = 14 → 56 বছর
  B → 8 → 8 × 4 = 32 বছর

**S52. Ans.(d)**
**Sol.**
- $\sqrt{0.02+\sqrt{0.0049}}=?$
  = √(0.02+.07)
  = √0.09
  = 0.3

**S53. Ans.(d)**
**Sol.**

- √0.01 + √0.81 + √1.21 + √0.0009
  = 0.1 + 0.9 + 1.1 + 0.03 = 2.13

**S54. Ans.(a)**
**Sol.**

- সংখ্যা দুটির পার্থক্য = 10 – 7 = 3 → 105
  সংখ্যা দুটির সমষ্টি = 10 + 7 = 17 = 17 × 105/3 = 17 × 35 = 595

**S55. Ans.(a)**
**Sol.**

- B A এর তুলনায় 60% বেশি দক্ষ। তাই B এর A এর 60% সময় কম লাগবে।
- সুতরাং B এর সময় লাগবে = 12 × (60/100) = 7.5 দিন।

**S56. Ans.(c)**
**Sol.**

- P এর 50% = P/2 = Q এর 25% = Q/4
  সুতরাং, P = Q/2 = Q এর 50%

**S57. Ans.(b)**
**Sol.**

- 5 বছরে সুদে-মূলে 600 টাকা - 3 বছরে সুদে-মূলে 560 টাকা = 2 বছরের সুদ 40 টাকা, সুতরাং 3 বছরের সুদ 60 টাকা
  অতএব, মূলধন = 560 – 60 = 500 টাকা
  অতএব, 500 টাকার এক বছরের সুদ 20 টাকা তাই সুদের হার (20/500) × 100 = 4%

**S58. Ans.(d)**
**Sol.**

- ঐ সংখ্যার ⅔ অংশের মান 26, সুতরাং, সংখ্যাটি = 26 × 3/2 = 39
  39 এর 25% = 39/4 = 9¾ = 9.75

**S59. Ans.(c)**
**Sol.**

- Short trick: - যেহেতু সংখ্যাদুটির লসাগু 315 তাই তাদের গুণফল সর্বদা 5 এর গুণিতক হতে হবে, তাই উত্তর অপশন c 2835।
- Detailed approach :- ধরি, সংখ্যাদুটি 5x ও 7x, তাদের লসাগু 35x = 315, অতএব, x = 9, সংখ্যাদুটির গুণফল = 5 × 9 × 7 × 9 = 2835।

**S60. Ans.(c)**
**Sol.**

- যাওয়ার গতিবেগ = 40 km/hr
  ফেরার গতিবেগ = 40 + 40 এর 50% = 40 + 20 = 60 km/hr
  সুতরাং, গড় গতিবেগ = 2 × 40 × 60 / (40 + 60) km/hr = 4800/100 = 48 km/hr

**S61. Ans.(c)**
**Sol.**

- 11 দ্বারা বিভাজ্যতার নিয়ম :- কোন সংখ্যা 11 দ্বারা বিভাজ্য হলে সেই সংখ্যাটির বিজোড় স্থানের অঙ্কগুলির যোগফল ও জোড় স্থানের অঙ্কগুলির যোগফলের অন্তর শূন্য বা 11 এর গুণিতক হবে।
  579*2 সংখ্যাটির বিজোড় স্থানের অঙ্কগুলির যোগফল = 5 + 9 + 2 = 16
  11 দ্বারা বিভাজ্য হতে গেলে 579*2 সংখ্যাটির বিজোড় স্থানের অঙ্কগুলির যোগফল 16 হতে হবে অর্থাৎ, 7 + * = 16, সুতরাং * = 9

**S62. Ans.(c)**
**Sol.**


- $5\frac{5}{3} - 3\frac{8}{9} - * = 1$
  20/3 – 35/9 - * = 1
  20/3 – 35/9 -1 = *
  16/9 = *

**S63. Ans.(b)**
**Sol.**

- 5% হারে 500 টাকার একবছরের সুদ = 25 টাকা, অতএব, 6 বছরের সুদ 6 × 25 = 150 টাকা

**S64. Ans.(b)**
**Sol.**

- A একটি কাজের ⅓ অংশ করে পাঁচ দিনে করে
  অতএব, A সম্পূর্ণ কাজটি করে 15 দিনে
  B ওই কাজটি ⅖ অংশ 10 দিনে করতে পারে
  অতএব, B সম্পূর্ণ কাজটি করে = 5/2×10 = 25 দিনে




তারা একসাথে করবে = 75/(5+3) = 75/8 = 9⅜ দিনে


**S65. Ans.(b)**
**Sol.**

- 10% এবং 30% ক্রমিক ছাড় এর সমতুল্য ছাড় = 10 + 30 – (10 × 30)/100 = 40 – 3 = 37%

**S66. Ans.(b)**
**Sol.**

- (2.3×2.3×2.3 - 0.027)/(2.3×2.3+0.69+0.09)
উপরের expression টি আসলে $a^3-b^3/(a^2+2ab+b^2)$ যেখানে a = 2.3 ও b = 0.3
অতএব, $a^3-b^3/(a^2+2ab+b^2)$ = (a – b) = 2.3 – 0.3 = 2

**S67. Ans.(a)**
**Sol.**





দুটি নল একসাথে 36/(4+3) = 36/7 = 5(1/7) ঘন্টায় চৌবাচ্চা পূর্ণ করবে।

**S68. Ans.(b)**
**Sol.**

- যেহেতু 175, 25 এর গুণিতক, তাই কোন সংখ্যাকে 175 দ্বারা ভাগ করলে 132 ভাগশেষ থাকলে সেই সংখ্যাকে 25 দ্বারা ভাগ করলে 132-25×5 = 7 ভাগশেষ থাকবে।

**S69. Ans.(d)**
**Sol.**




- মোট কাজ = 24
মোট সময় লাগবে = 24/(4+2+1) = 24/7 = 3(3/7) দিন

**S70. Ans.(a)**
**Sol.**

- 150gm এর 20% = 30 gm চিনি
ধরি, xgm চিনি মেশাতে হবে
সুতরাং, 30+x = (150+x)25/100
120 +4 x = 150 + x
x = 10

**S71. Ans.(d)**
**Sol.**

- Essential - Vital - অপরিহার্য, গুরুত্বপূর্ণ
- Unimportant - গুরুত্বহীন
- Relevant - প্রাসঙ্গিক
- Essence – সারাংশ

**S72. Ans.(c)**
**Sol.**

- Cold Blood - ঠান্ডা মাথায়, ইচ্ছাকৃত ভাবে

**S73. Ans.(d)**
**Sol.**

- He said to me, 'I have never seen such a brilliant boy in my life'. (Direct speech)
- He told me that he had never seen such a brilliant boy in his life. (Indirect speech)

**S74. Ans.(c)**
**Sol.**

- A smuggler is a person who gets things secretly and illegally into or out of a country.

**S75. Ans.(c)**
**Sol.**

- Attack - আক্রমণ
- Fight - যুদ্ধ
- Defend - রক্ষন
- Pounce – ঝাঁকুনি

**S76. Ans.(c)**
**Sol.**

- Turned into - Transformed into - রূপান্তরিত হওয়া
- Stuff – বস্তু
- Put – রাখা
- Puff – ফুঁক

**S77. Ans.(c)**
**Sol.**

- Neither Lata nor Sujatha was present in class on 14th October.
- 'Neither ..nor' থাকলে was হবে

**S78. Ans.(d)**
**Sol.**

- Enormous - huge - বৃহৎ, প্রকাণ্ড
- Famous - বিখ্যাত
- Normal - সাধারণ
- Incongruous – অসঙ্গতিপূর্ণ

**S79. Ans.(a)**
**Sol.**
- The correct answer is option a.
- They laughed at the crazy girl. (Active voice)

**S80. Ans.(c)**
**Sol.**
- Kites are being flown by the boys in the sky. (Passive voice)

**S81. Ans.(b)**
**Sol.**
- He decided to call on him at his home.
- Call for – ডাকা
- Call on – সাক্ষাৎ করা
- Call up – স্মরণ করা
- Call off – বাতিল করা

**S82. Ans.(d)**
**Sol.**
- The tired hawker sat under the tree.

**S83. Ans.(c)**
**Sol.**
- Credible – বিশ্বাসযোগ্য
- Creditable – সন্মানযোগ্য
- Credulous – সহজবিশ্বাসী
- Incredible – অবিশ্বাস্য

**S84. Ans.(b)**
**Sol.**
- এখানে 'have' helping verb ও 'had'(have যার অর্থ খাদ্য গ্রহণ করা তার V3 form) main verb.
- তাই interrogative sentence এ helping verb have আগে বসবে।
- Have you had your dinner?

**S85. Ans.(d)**
**Sol.**
- সঠিক spelling টি হল hyphenated – হাইফেন দেওয়া

**S86. Ans.(a)**
**Sol.**
- Except - ব্যতীত
- Expect - আশা করা
- Exceed - ছাড়িয়ে যাওয়া
- Accept - গ্রহণ করা

**S87. Ans.(a)**
**Sol.**
- Ram was good at Chemistry.

**S88. Ans.(d)**
**Sol.**
- Ritash mother did not approve of her returning home so late at night.

**S89. Ans.(a)**
**Sol.**
- He was too preoccupied with his studies to think of other matters.

**S90. Ans.(a)**
**Sol.**
- সঠিক spelling টি হলো – Exaggerate – অতিরঞ্জিত করা

**S91. Ans.(d)**
**Sol.**
- উপরের sentence এ দুটি ঘটনার উল্লেখ রয়েছে যার মধ্যে একটি অপরটির পূর্বে ঘটেছে। তাই, পূর্বে ঘটা ঘটনাটি past perfect tense ও তার পরে ঘটা ঘটনাটি simple past tense হবে।
- He rushed (simple past) to the hospital after he had heard (past perfect) the news.

**S92. Ans.(b)**
**Sol.**
- He was successful in completing the job within four days.

**S93. Ans.(b)**
**Sol.**
- Give up - ত্যাগ করা বা হার মেনে নেওয়া।

**S94. Ans.(a)**
**Sol.**
- His old shoes have stood him in good stead in his travels.
- Stand something/someone in good stead - to be useful or helpful to someone or something.
- Example - His writing skills will stand him in good stead in his examination.

**S95. Ans.(d)**
**Sol.**
- Adequate - sufficient - যথেষ্ট
- Indefinite - অনির্দিষ্ট
- Subsequent - পরবর্তী
- Efficient – দক্ষ

**S96. Ans.(d)**
**Sol.**

- The examiner could not understand the candidate's handwriting because it was illegible.
- Distinct - স্বতন্ত্র
- Shining - উজ্জ্বল
- Stylish - রুচিপূর্ণ
- Illegible - যা পাঠ করা সম্ভব নয়

**S97. Ans.(a)**
**Sol.**

- The police man seized him by arm and led him away

**S98. Ans.(b)**
**Sol.**

- A plant that grows in hot, dry regions covered in spines but without leaves – Cactus

**S99. Ans.(c)**
**Sol.**

- Commence - Begin - শুরু হওয়া বা করা
- Announce - ঘোষনা করা
- Commend - প্রশংসা করা
- Comment - মন্তব্য করা

**S100. Ans.(b)**
**Sol.**

- Sita and Mira quarreled between themselves.
- এখানে দুইজনের মধ্যে ঝগড়া বলা হয়েছে তাই preposition হিসেবে between বসবে।
- 2 জনের বেশি হলে preposition হিসেবে among বসবে।